

# মুগান্ধ

প্রিন্ট: ১৪ সেপ্টেম্বর ২০২৫, ০৮:৫১ পিএম

## শিক্ষাঙ্কন

চাকসু নির্বাচন

## ভিপি পদে প্রথম মনোনয়ন নিলেন হাবিবুর



চবি প্রতিনিধি

প্রকাশ: ১৪ সেপ্টেম্বর ২০২৫, ১২:৫২ পিএম



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদের মনোনয়নপত্র বিতরণ শুরু হয়েছে।

রোববার (১৪ সেপ্টেম্বর) সকাল সাড়ে ৯টা থেকে চাকসু নির্বাচন কমিশনের কার্যালয় থেকে নির্বাচনের মনোনয়নপত্র বিতরণ শুরু হয়েছে। সর্বপ্রথম কেন্দ্রীয় সংসদে ভিপি (সহ-সভাপতি) প্রার্থী হিসেবে মনোনয়ন নিয়েছেন নাট্যকলা বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী হাবিবুর রহমান।

বেলা সাড়ে ১১টার দিকে তিনি নির্বাচন কমিশনের কার্যালয় থেকে মনোনয়নপত্র সংগ্রহ করেন।

### প্রথম মনোনয়ন নিয়ে যা বললেন তায়েফ

উল্লেখ্য, ১৬ তারিখ পর্যন্ত মনোনয়ন নেওয়া যাবে এবং মনোনয়ন জমা দেওয়ার শেষ সময় ১৭ তারিখ বিকাল ৩টা ৩০ মিনিট পর্যন্ত। আগামী ১২ অক্টোবর অনুষ্ঠিত হবে ৭ম চাকসু নির্বাচন।

